চুয়াডাঙ্গায় কম্পিউটার প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ

চুয়াডাঙ্গায় বহুমুখী মানব কল্যাণ সংস্থার আয়োজনে কারিগরি শিক্ষা বোর্ডের অধিনে পরীক্ষায় উত্তীর্ণ কম্পিউটার প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরন

সমাজসেবা অধিদপ্তর ও বহুমুখী মানব কল্যাণ সংস্থার আয়োজনে কারিগরি শিক্ষা বোর্ডের অধিনে পরীক্ষায় উত্তীর্ণ কম্পিউটার প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরন করা হয়েছে । আজ রবিবার বেলা বারোটার সময় চুয়াডাঙ্গা শহরের একাডেমি মোড়স্হ বহুমুখী মানব কল্যান সংস্হার কার্যালয়ে সার্টিফিকেট বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়।

ভিডিও কনফারেন্সে যুক্ত হয়ে কারিগরী শিক্ষা বোর্ডের সার্টিফিকেট বিতরণের উদ্বোধন করেন ইসলামি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. শেখ আব্দুস সালাম।

বিশেষ অতিথির বক্তব্যে রাখেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, বহুমুখী মানব কল্যাণ সংস্থার নির্বাহী চেয়ারম্যান সিনিয়র সাংবাদিক আহমেদ পিপুল, পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিচালক (আই এম ই ডি) কামাল হোসেন তালুকদার, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ অধ্যাপক সিদ্দিকুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজসেবা অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক শহিদুল ইসলাম। সংস্থার নির্বাহী পরিচালক সাংবাদিক বিপুল আশরাফের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক সিদ্দিকী সোহেলী রশিদ, চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাপতি কালের কণ্ঠের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি সিনিয়র সাংবাদিক এ্যাড. মানিক আকবর, এটিএন বাংলার চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি রফিক রহমান।

এ সময় চুয়াডাঙ্গা বহুমুখী মানব কল্যাণ সংস্থা থেকে কম্পিউটার পরিক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণপ্রার্থীদের মধ্যে থেকে অভিব্যক্তি করেন কনিকা খাতুন, শিউলি, ফারজানা খাতুন, মধুমালা, মাসুদ রানা ও ইয়াসরিব বলেন, অত্যান্ত সুন্দর পরিবেশে এখানে কম্পিউটার ও

ড্রাইভিং শেখানো হয়। আমরা এখান থেকে কম্পিউটার শিখে অনেক অনলাইন ব্যবসা করছি। কেউ চাকুরী করছি।

যেসব শিক্ষার্থী সার্টিফিকেট লাভ করেছেন তারা এ সংস্থা থেকে বিনামূল্যে দুই মাসের প্রশিক্ষণ গ্রহন করেছেন। পরে এদের মধ্যে ১৫০ জন পরিক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ডে পরীক্ষায় অংশ নিয়ে উত্তীর্ণ হয় ১৩৪ জন। পাশের হার ৯০ ভাগ।

“দুস্হ, বিধবা, স্বামী পরিত্যক্ত ও হতদরিদ্র জনগোষ্ঠীকে প্রশিক্ষনের মাধ্যমে আর্থ সামাজিক অবস্হার উন্নয়ন” প্রকল্প বাস্তবায়ন করছে সমাজসেবা অধিদপ্তর এবং বহুমুখী মানব কল্যাণ সংস্থা।